New Age

DU gets Tk 10 lakh trust fund for poor students

Staff Correspondent

A NEW trust fund titled 'Mahbubal Haque and Anwara Mahbub Trust Fund' has been established at Dhaka University to provide scholarships to indigent students of the second semester of the first-year undergraduate programme of political science department.

To preserve the memory of her late parents, Professor Zafrun Nahar, former head of political science department at Eden Women's College, handed over a cheque of Tk 10 lakh to DU vice-chancellor Professor ABM Obaidul Islam on Tuesday, said a press release.

Among others present were pro-vice-chancellor for academic Professor Abdus Salam, dean of social sciences faculty Professor Mohammad Mainul Islam, chairperson of political science department Professor Nasima Khatun, acting registrar Munshi Shams Uddin Ahmed and director of the public relations department Mohammad Rafiqul Islam.



Former Eden Women's College professor Zafrun Nahar hands over a cheque to Dhaka University vice-chancellor Professor ABM Obaidul Islam to form a new Trust at the latter's office on the campus in the capital on Tuesday. — Press release

The Bangladesh Today



A delegation led by ArsenStepp, team leader of the effective governance programme of the British Council Bangladesh, paid a courtesy call on Dhaka University (DU) Pro-Vice Chancellor (Administration) Prof. Dr. Mohammed AlmujaddadeAlfasane on Wednesday. Photo: Courtesy

British Council and DU exchange views on e-governance collaboration

A delegation led by ArsenStepp, team leader of the effective governance programme of the British Council Bangladesh, paid a courtesy call on Dhaka University (DU) Pro-Vice Chancellor (Administration) Prof. Dr. Mohammed AlmujaddadeAlfasane on Wednesday.

During the meeting, the two sides held detailed discussions on digital governance in higher education, secure digital systems for information exchange, and the prospects of establishing interoperability among public and private institutions.

Representatives of the University of Dhaka informed the delegation that the university has already brought its admission, examination, certificate issuance, and various administrative services under digital platforms. Academic and student records of recent years are being digitally preserved, and several initiatives are underway to modernize and enhance the efficiency of certificate verification services. The meeting also explored the possibility of integrating the university's databases and digital services with relevant national and international institutions in the future. Prof. Dr. Mohammed AlmujaddadeAlfasane welcomed the potential support of the British Council in advancing the University of Dhaka's digital transformation initiatives and assured that any relevant proposals would be considered at the university's policy-making level.

Director of DU ICT Cell Prof. Dr. MosaddekHossain Kamal,Acting Registrar Mr. Munshi Shams Uddin Ahmad, Acting Controller of Examinations Dr. HimadriShekharChakrabarty,British Council E-Governance Coordinator of the E-ffective Governance ProgrammeMd. EnamulHaque, Citizen Engagement and Outreach Coordinator SajiaSharmin and concerned officialsfrom both organizations were present on this occasion.

দৈনিক আমাদের বার্তা



উচ্চশিক্ষায় সহযোগিতা বাড়াতে আগ্রহী ইউজিসি ও পাকিস্তান এইচইসি

■ আমাদের বার্তা ডেস্ক

ইউজিসি ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সক্ষমতা উন্নয়নে সহযোগিতা বাড়াতে আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) ও পাকিস্তানের হায়ার এডুকেশন কমিশন (এইচইসি)। বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে উচ্চশিক্ষা, গবেষণা, শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের লক্ষ্যে দুই দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রাতিষ্ঠানিক যোগাযোগ বৃদ্ধির জন্য শিগগিরই একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের বিষয়ে নীতিগতভাবে একমত হয়েছে উভয় পক্ষ।

গতকাল মঙ্গলবার ইউজিসি কার্যালয়ে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দারের সৌজন্য সাক্ষাৎকালে এসব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরবর্তীতে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় ইউজিসি কর্তৃপক্ষ।

বৈঠকে ইউজিসির সদস্য অধ্যাপক ড. মো. সাইদুর রহমান, অধ্যাপক ড. মাছুমা হাবিব, অধ্যাপক ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম, অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন এবং পাকিস্তানের ডেপুটি হাইকমিশনার মোহাম্মদ ওয়াসিফসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আলোচনায় দুই দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় কর্মসূচি চালু, অন্তত একটি সেমিস্টারের জন্য একাডেমিক বিনিময়, শিক্ষক-কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে যৌথ প্রশিক্ষণ, গবেষণা সহযোগিতা এবং উদ্ভাবনী কার্যক্রম সম্প্রসারণের ওপর গুরুত্ব দেওয়া হয়। এ ছাড়া বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা, গবেষণা ব্যবস্থাপনা, বিশ্ববিদ্যালয় প্রশাসনের আধুনিকায়ন, আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে অগ্রগতি এবং পাকিস্তানের 'নলেজ করিডোর' কর্মসূচির অভিজ্ঞতা বিনিময়ের বিষয়েও আলোচনা হয়। উচ্চশিক্ষা খাতে যৌথ প্রকল্প গ্রহণের ব্যাপারেও উভয় পক্ষ ইতিবাচক মনোভাব প্রকাশ করে।

বৈঠকে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, সরকার ইউজিসিকে উচ্চশিক্ষা কমিশনে রূপান্তরের উদ্যোগ নিয়েছে। এ ক্ষেত্রে পাকিস্তানের হায়ার এডুকেশন কমিশনের দীর্ঘদিনের অভিজ্ঞতা বাংলাদেশের জন্য সহায়ক হতে পারে।

তিনি বলেন, গবেষণা, উদ্ভাবন ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সক্ষমতা বৃদ্ধিতে পাকিস্তানের উচ্চশিক্ষা কমিশন এবং দেশটির বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে যৌথভাবে কাজ করার সুযোগ সৃষ্টি হলে উভয় দেশের উচ্চশিক্ষা খাত আরও সমৃদ্ধ হবে।

পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার বলেন, চলতি বছর বাংলাদেশ থেকে প্রায় ৩ হাজার ৮০০ শিক্ষার্থী পাকিস্তানে উচ্চশিক্ষার জন্য আবেদন করেছেন। দেশের ঢাকা, চট্টগ্রামসহ ছয়টি অঞ্চলে এসব আবেদন গ্রহণ করা হয়েছে।

তিনি জানান, পাকিস্তানের বিভি বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক শিক্ষার্থীদে জন্য বৃত্তির পাশাপাশি আবাসন, খাবা ও যাতায়াত সুবিধাও প্রদান কে থাকে।

ইমরান হায়দার আরও বলেন সম্প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রীর সে তার বৈঠকে শিক্ষা খাতকে দুই দেশে সহযোগিতার অন্যতম গুরুত্বপূ ক্ষেত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে বিশ্ববিদ্যালয় পর্যায়ে যোগাযোগ সহযোগিতা বৃদ্ধি পেলে গবেষণ উদ্ভাবন এবং দক্ষ মানবসম্পদ উন্নয়ন উভয় দেশই উপকৃত হবে বলে তি আশা প্রকাশ করেন।

CamScanner Scanned with CamScanner

নয়াদিগন্ত

ঢাবি থেকে ৩৫ গবেষকের পিএইচডি এবং ১৯ জনের এমফিল ডিগ্রি অর্জন

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ৩৫ জন গবেষক পিএইচডি, ১৯ জন এমফিল এবং দুইজন ডিবিএ ডিগ্রি অর্জন করেছেন। গত ২২ জুন অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

পিএইচডি প্রাপ্তরা হলেন– বাংলা বিভাগের অধীনে আয়শা সিদ্দিকা, মোহাম্মদ আব্দুল বাতেন খান ও আসাদ আহমেদ, সংস্কৃত বিভাগের অধীনে ফারজানা নাজ স্বর্ণ প্রভা, ইতিহাস বিভাগের অধীনে ফারহানা আক্তার শুভ্রা ও সুস্মিতা রানী দাস, দর্শন বিভাগের অধীনে টুম্পা রানী দে, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধীনে সুলতানা জেসমিন আরাবী, ভাষাবিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ মোজাম্মেল হোসেন, সঙ্গীত বিভাগের অধীনে আশিক সরকার, রসায়ন বিভাগের অধীনে মো: উজ্জ্বল হোসেন ও রাফিজা ইসলাম, ম্যানেজমেন্ট বিভাগের অধীনে তানজীলা হোসেন, অ্যাকাউন্টিং বিভাগের অধীনে ফাহমিদা বেগম, শুভ ব্রত সাহা ও সুব্রত কুমার বাহাদুর, মার্কেটিং বিভাগের অধীনে আলী মোহাম্মদ কাওসার ও সুমা আক্তার, ফিন্যান্স বিভাগের অধীনে মুহাম্মদ এনামুল হক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে তানজিনা নওশিন ও মুহাম্মদ জহিরুল আলম, লোক প্রশাসন বিভাগের অধীনে আয়শা জাহান, নৃবিজ্ঞান বিভাগের অধীনে মুহাম্মদ আমীরুল হক, প্রাণিবিদ্যা বিভাগের অধীনে তামান্না আক্তার, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে মো: আরিফুল ইসলাম ও কাজী জান্নাতুল ফেরদৌস, অণুজীব বিজ্ঞান বিভাগের অধীনে নাজমুন নাহার, মো: শাহরিয়ার কবীর শাকিল ও সুলতানা জোহরা মান্নান, ফিনিক্যাল ফার্মেসি ও ফার্মাকোলজি বিভাগের অধীনে মো: সালাহউদ্দীন মিল্লাত, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধীনে নাছরীন আক্তার ও মোহাম্মদ আমিরুল হক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধীনে আনজুম জেরিন রূপা, ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের অধীনে ইশরাত শামীম ও মো: আব্দুর রকিব।

এমফিল ডিগ্রি প্রাপ্তরা হলেন– আরবি বিভাগের অধীনে ওমর ফারুক ও মাহমুদুল মুনীর, ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে সাইফুল ইসলাম, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধীনে আফরিন সুলতানা, ভাষাবিজ্ঞান বিভাগের অধীনে শুভ রায়, মার্কেটিং বিভাগের অধীনে তাসমিয়া জায়গীরদার, ফিন্যান্স বিভাগের অধীনে মো: মাহাফুজ কবীর, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের অধীনে তাহিয়া চৌধুরী ও সনিয়া আক্তার, পপুলেশন সায়েন্সেস বিভাগের অধীনে মোহাম্মদ নাসির উদ্দিন, প্রাণিবিদ্যা বিভাগের অধীনে সালওয়া প্রধান, মোছা: আসিফা আক্তার ও শিল্পী রানী সিকদার, ফিনিক্যাল সাইকোলজি বিভাগের অধীনে মো: হাফিজুর রহমান, ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে আবু ফয়সল আহমদ, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধীনে সাজিয়া আফরিন ও ফেরদৌস আরা এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে হোসাইন মাহমুদ ও নাঈমুল রাজ্জাক।

ডিবিএ ডিগ্রি প্রাপ্তরা হলেন– ম্যানেজমেন্ট বিভাগের অধীনে নাজিয়া শারমিন ও ফিন্যান্স বিভাগের অধীনে মো: সাইফুল ইসলাম। বিজ্ঞপ্তি।

খবরের কাগজ

ঢাবি থেকে ৫৪ গবেষকের পিএইচডি এমফিল ডিগ্রি অর্জন

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে ৫৪ জন গবেষক পিএইচডি-এমফিল ডিগ্রি অর্জন করেছেন। এর মধ্যে ৩৫ জন গবেষক পিএইচডি, ১৯ জন এমফিল ডিগ্রি পেয়েছেন। এ ছাড়া ২ জন ডিবিএ ডিগ্রি অর্জন করেছেন। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে গত ২২ জুন অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এসব ডিগ্রি প্রদান করা হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম।

দৈনিক আমাদের বার্তা

ঢাবি টিচার্স ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

■ আমাদের বার্তা ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় টিচার্স ক্রিকেট টুর্নামেন্টের ১১তম আসরের চ্যাম্পিয়ন হয়েছে 'দুর্বার একাত্তর'। ফাইনালে 'উত্তাল উনসত্তর' টিমকে হারিয়ে তারা এই জয় লাভ করে। টুর্নামেন্টের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ফাইনাল ম্যাচে ১৪৫ রান করে ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন সহযোগী অধ্যাপক ড. মো. হাসান ফারুক। প্লেয়ার অব দ্য সিরিজ নির্বাচিত হয়েছেন সহকারী অধ্যাপক মো. জসিম উদ্দিন। এছাড়া,



পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট. ভবনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

গতকাল মঙ্গলবার এক সংবাদ

টুর্নামেন্টে সর্বোচ্চ ১২ উইকেট নিয়ে ইমার্জিং খেলোয়াড় হয়েছেন প্রভাষক আলিফ মোহাম্মদ খান।

টিচার্স ক্রিকেট টুর্নামেন্টের আহ্বায়ক অধ্যাপক ড. মো. মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম প্রমুখ।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

DU in Media

২৪ আষাঢ় ১৪৩৩

8 July 2026